গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসকের কার্যালয়

বাগেরহাট

আইসিটি শাখা

জেলা আইসিটি কমিটির সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোহাঃ খালিদ হোসেন<br>জেলা প্রশাসক, বাগেরহাট |
| সভার তারিখ | ২০ আগস্ট, ২০২৩ খ্রিঃ |
| সভার সময় | দুপুর ০১.৪৫ ঘটিকা |
| স্থান | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, বাগেরহাট |
| উপস্থিতি | সভায় উপস্থিত এবং অনুপস্থিত সদস্যবৃন্দের নাম ও পদবী পরিশিষ্ট-ক দ্রষ্টব্য। |

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বাগেরহাট বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করেন। কার্যবিরণীতে সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রমিক নং | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১. | **ওয়েবপোর্টাল হালনাগাদঃ** তথ্য অধিকার আইন অনুযায়ী সকল দপ্তরকে স্ব-প্রণোদিতভাবে তথ্য প্রকাশ ও প্রচার করতে হবে। ওয়েবপোর্টাল হালনাগাদ একটি চলমান প্রক্রিয়া। সঠিক ও চলমান তথ্য প্রাপ্তির লক্ষ্যে প্রতিটি দপ্তরের ওয়েবপোর্টাল হালনাগাদ রাখা প্রয়োজন। জেলা প্রশাসক ও সভার সভাপতি মহোদয় সংশ্লিষ্ট দপ্তরকে দ্রুত সময়ের মধ্যে স্ব-স্ব ওয়েব পোর্টালের সার্বিক তথ্য হালনাগাদ রাখার জন্য নির্দেশনা প্রদান করেন।<br>উপজেলা পর্যায়ে বিভিন্ন দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ করার জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার-কে ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন । | ১.১. সকল দপ্তরের ওয়েবপোর্টাল হালনাগাদ শতভাগ নিশ্চিত করতে হবে।<br>১.২ সরকারের বিভিন্ন উন্নয়ন প্রকল্প এবং সরকারের সাফল্য বিষয়ক সকল তথ্য ওয়েবপোর্টালে আবশ্যিকভাবে প্রকাশ করতে হবে। | ০১. সংশ্লিষ্ট দপ্তর প্রধান (সকল), বাগেরহাট<br>০২. উপজেলা নির্বাহী অফিসার (সকল), বাগেরহাট।<br>০৩. প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার (সকল), বাগেরহাট |
| ০২. | **ই-নথি ও ডি-নথি বাস্তবায়ন সংক্রান্ত:** সভাপতি বলেন, স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে ই-নথি/ডি-নথি ব্যবহারের কোন বিকল্প নেই। সরকারি দপ্তরসমূহের সকল অফিসিয়াল কার্যক্রম ই-নথি ও ডি-নথি সিষ্টেমের মাধ্যমে সম্পন্ন করা হলে সরকারি কর্মকর্তা/কর্মচারীদের কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি পাবে। ইতোমধ্যে জেলা ও উপজেলা পর্যায়ে সরকারি দপ্তরসমূহকে একাধিকবার ই-নথি ও ডি-নথি বিষয়ক ট্রেনিং প্রদান করা হয়েছে। যে সকল অফিস ই-নথি ও ডি-নথিতে লাইভ সার্ভারে আছে সে সকল অফিসের দাপ্তরিক কার্যক্রম ১০০% ই-ফাইলিং এর মাধ্যমে সম্পাদনসহ প্রতিটি ডাক নোটে নিষ্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করেন। | ২.১ জেলাধীন সকল দপ্তরের দাপ্তরিক কার্যক্রম ১০০% ই-ফাইলিং/ডি-ফাইলিং এর মাধ্যমে সম্পাদন করতে হবে।<br>২.২ ই-ফাইলিং/ডি-ফাইলিং স্বয়ংক্রিয়ভাবে ব্যবহার করার জন্য মোবাইল অ্যাপ ডাউনলোড করে<br>ব্যবহার করতে হবে। | ০১. সংশ্লিষ্ট দপ্তর প্রধান (সকল), বাগেরহাট।<br>০২. উপজেলা নির্বাহী অফিসার (সকল), বাগেরহাট।<br>০৩. প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার (সকল), বাগেরহাট |

| | | | |
|---|---|---|---|
| ০৩. | **শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও শেখ রাসেল স্কুল অফ ফিউচারঃ** অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বাগেরহাট বলেন, ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ২টি প্রকল্পের মাধ্যমে বাগেরহাট জেলায় ১৩৩ টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব, ২টি শেখ রাসেল ডিজিটাল ক্লাসরুম ও ৪ টি শেখ রাসেল স্কুল অফ ফিউচার স্থাপন করা হয়েছে। শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রাপ্ত প্রতিষ্ঠানের শিক্ষকদের আইসিটি দক্ষতা বৃদ্ধির জন্য শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্পের মাধ্যমে প্রত্যেক প্রতিষ্ঠানের ০৪ জন শিক্ষককে আইসিটি বিষয়ক ট্রেনিং প্রদান চলমান আছে। ট্রেনিং প্রাপ্ত শিক্ষকগণ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ল্যাব ব্যবহারের ট্রেনিং প্রদান করবেন। ল্যাব ব্যবহারের মাধ্যমে শিক্ষার্থীদের আইসিটি বিষয়ক দক্ষতা বৃদ্ধি পাবে যা স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে অগ্রনী ভূমিকা পালন করবে। | ৩.১ শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও শেখ রাসেল স্কুল অফ ফিউচার এর যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে। | ০১.সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল), বাগেরহাট<br>০২. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বাগেরহাট<br>০৩. উপজেলা নির্বাহী অফিসার (সকল), বাগেরহাট।<br>০৪. জেলা শিক্ষা অফিসার, বাগেরহাট<br>০৫. সহকারী কমিশনার (আইসিটি শাখা), বাগেরহাট<br>০৬. প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার (সকল), বাগেরহাট |
| ০৪. | **সুরক্ষা সিস্টেমে টিকাগ্রহণকারীর তথ্য সংশোধন সংক্রান্তঃ** প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, বাগেরহাট বলেন, জুলাই-২০২৩ মাসে সুরক্ষা সিস্টেমে ২৫ জনকে তথ্য সংশোধনের মাধ্যমে সেবা প্রদান করা হয়েছে। সুরক্ষা সিস্টেমে তথ্য সংশোধনের বিষয়টি জনগণকে অবহিত করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ৪.১. জেলা ও উপজেলা পর্যায়ে জনগনকে সুরক্ষা সিস্টেমের মাধ্যমে টিকা গ্রহণকারীর তথ্য সংশোধনের বিষয়ে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১. উপজেলা নির্বাহী অফিসার (সকল), বাগেরহাট।।<br>০২. প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার (সকল), বাগেরহাট |
| ০৫ | **জনসেবায় ফেইসবুক ব্যবহার বৃদ্ধি সংক্রান্তঃ** সবচেয়ে জনপ্রিয় সামাজিক যোগাযোগের মাধ্যম হলো ফেইসবুক। সভাপতি মহোদয়, বাগেরহাট জেলার সকল দপ্তর প্রধানকে স্ব-স্ব দপ্তরের নামে চালুকৃত ফেইসববুক পেইজ এ সরকারি সেবা প্রদান কার্যক্রমের চিত্র নিয়মিত আপলোড করার আহ্বান জানান। | ৫.১ বাগেরহাট জেলার সকল দপ্তর প্রধানকে স্ব-স্ব দপ্তরের নামে চালুকৃত ফেইসববুক পেইজ এ সরকারি সেবা প্রদান কার্যক্রমের চিত্র নিয়মিত আপলোড করতে হবে। | ০১. সংশ্লিষ্ট দপ্তর প্রধান (সকল), বাগেরহাট। |
| ০৬. | **দাপ্তরিক ই-মেইল ব্যবহার সংক্রান্তঃ** দাপ্তরিক প্রয়োজনে ব্যাক্তিগত ই-মেইল ব্যবহারের পরিবর্তে দাপ্তরিক ই-মেইল ব্যবহার নিশ্চিত করার জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। সকল দপ্তর প্রধান, বাগেরহাট-কে নিজ নিজ দাপ্তরিক ই-মেইল প্রতিদিন নিয়মিত পর্যবেক্ষণ ও সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। | ৬.১ দাপ্তরিক ই-মেইল নীতিমালা অনুযায়ী সকল দপ্তরকে তাদের নিজ নিজ দাপ্তরিক ই-মেইল প্রতিদিন নিয়মিত চেক করতে হবে। | ০১. সংশ্লিষ্ট দপ্তর প্রধান (সকল), বাগেরহাট |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোহাঃ খালিদ হোসেন
জেলা প্রশাসক, বাগেরহাট

স্মারক নম্বর: ০৫.৪৪.০১০০.০৩০.০৭.০০১.২২.৮২ তারিখ: ৯ ভাদ্র ১৪৩০

২৪ আগস্ট ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

২) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা

৩) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

৪) অধ্যক্ষ, সরকারি পি.সি কলেজ, বাগেরহাট

৫) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বাগেরহাট

৬) সিভিল সার্জন, বাগেরহাট

৭) অতিরিক্ত জেলা প্রশাসক, শিক্ষা ও আইসিটি, বাগেরহাট

৮) উপপরিচালক , কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বাগেরহাট

৯) জেলা মৎস্য কর্মকর্তা, মৎস্য অধিদপ্তর, বাগেরহাট

১০) উপজেলা নির্বাহী অফিসার (সকল),, বাগেরহাট।

১১) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, বাগেরহাট

১২) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, বাগেরহাট

১৩) উপ পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, বাগেরহাট

১৪) সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট

১৫) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বাগেরহাট

১৬) সহকারী প্রোগ্রামার (সকল), বাগেরহাট

১৭) সহকারি ব্যবস্থাপক, বিটিসিএল, বাগেরহাট

মোহাঃ খালিদ হোসেন

জেলা প্রশাসক